আরামবাগ প্রশাসনের রক্তদান

জস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ হুগলির আরামবাগ মহকুমা শাসকের ার্যালয়ে মঙ্গলবার এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। মহকুমা শাসনের উদ্যোগে এই রক্তদান শিবিরে মহকুমার বিভিন্ন দপ্তরের াধিকারিক ও কর্মীরা রক্তদান করেন। দুই মহিলাসহ মোট ৫৫জন রক্ত ন।

চাকরি দেবার নাম করে যুবতীকে ধর্ষণ, গ্রেফতার যুবক

জস্ব সংবাদদাতা, রামনগর ঃ রকারি চাকরি পাইয়ে দেবার নাম রে এক যুবতীকে কলকাতায় ডকে নিয়ে গিয়ে ধর্ষণ করার ভিযোগে এক যুবককে গ্রেফতার রল রামনগর থানার পুলিশ। ভিযোগ, ধর্ষিতা মহিলার থেকে কই কারণে আগে ৩ লক্ষ টাকা য়েছিল অভিযুক্ত যুবক শান্তনু াল। ধৃত যুবককে মঙ্গলবার কাঁথি হকুমা আদালতে হাজির করে ুলিশ। আদালত জামিনের াবেদন খারিজ করে দিয়েছে। টনার বিবরণ, পূর্ব মেদিনীপুর জলার রামনগরের চাউলখোলার বাল গ্রামের অধিবাসী এক ব্যক্তির ময়ে শিক্ষিত কিন্তু বেকার। তাঁর ময়ের একটি সরকারি চাকরির ন্যে হন্যে হয়ে ঘোরার সময় টাশপুরের আড়গোয়ালের াসিন্দা শান্তনু পালের সাথে রিচয় হয়। তিনি জানিয়েছেন, ান্তনু নিজেকে রাজ্যসরকারি র্মচারী বলে পরিচয় দেয়। সে ামার মেয়েকে চাকরি পাইয়ে দবে বলে আশ্বাস দেয়। ভিযোগ, চাকরি দেবার শর্ত নুযায়ী অভিযুক্ত যুবককে ৩ লক্ষ কা দেন তিনি। অভিযোগ, টাকা লেও চাকরি পাইয়ে দেবার ক্ষেত্রে নানাভাবে টালবাহানা শুরু করে অভিযুক্ত যুবক। রামনগর থানার ওসি সত্যজিৎ চানক জানিয়েছেন, মেয়ে চাকরি না পাওয়ায় ওই ব্যক্তি ৩ লক্ষ টাকা ফেরৎ দেবার জন্য চাপ দিতেই কয়েকদিন আগে চাকরির ইন্টারভিউ দিতে হবে বলে তাঁর মেয়েকে কলকাতায় নিয়ে যায় ধৃত যুবক। সত্যজিৎবাবু আরও জানান, কলকাতাতে এই যুবতীকে ধর্ষণ করে শান্তনু পাল। হুমকি দেয় ঘটনাটি পুলিশ কিংবা বাড়ির লোকেদেরকে জানালে তাকে খুন করে ফেলবে। জানা গেছে, কলকাতা থেকে ফেরার পর মেয়ে মনমরা হয়ে থাকায় ও অসুস্থ হয়ে পড়ায় বাড়ির লোকেদের সন্দেহ হয়। তাঁরা জিজ্ঞাসাবাদ করতেই তাঁদের কাছে সমস্ত ঘটনা খুলে বলে এই যুবতী। তারপরেই রামনগর থানায় অভিযুক্তের বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয়।

পুলিশ সোমবার রাতে অভিযুক্তকে গ্রেফতার করে। কাঁথি মহকুমা আদালত সূত্রে জানা গেছে, ঘটনার তদন্তের জন্য ধৃত কে ৩দিনের পুলিশি হেফাজতে নিয়েছে রামনগর থানা।

পুজোর ফুল তুলতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট প্রৌঢ়া

জস্ব সংবাদদাতা, হলদিয়া ঃ ুজোর জন্য রাস্তার ধারে গাছ থকে ফুল তুলতে গিয়ে দ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হল এক প্রৌঢ়ার। মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটেছে র্ব মেদিনীপুর জেলার হলদিয়ার বানীপুর থানার শিবরাম নগরে। তার নাম সন্ধ্যা প্রামাণিক(৬৫)। ানীয়দের থেকে জানা গেছে, তিদিনের মত মঙ্গলবারও াতঃভ্রমণে বেরিয়ে রাস্তার ধারে াকা গাছ থেকে পুজোর ফুল লতে যান। সেই সময় গাছের পরে পড়ে থাকা বিদ্যুতের তার ন্ধ্যা প্রামাণিকের হাতে লাগে। বিদ্যুতের শক খেয়ে এই প্রৌঢ়া ছটপট করতে থাকেন। স্থানীয়রা ঘটনাটি দেখতে পেয়ে বিদ্যুৎ লাইনের সংযোগ বিচ্ছিন্ন করে এই প্রৌঢ়াকে উদ্ধার করে হলদিয়া মহকুমা হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যান। সেখানেই মহিলার মৃত্যু হয়। স্থানীয় সূত্রে আরও জানা গেছে, সোমবার রাতে প্রচুর ঝড়বৃষ্টির কারণে হলদিয়া শহরের বিভিন্ন এলাকায় বিদ্যুতের লাইন ছিঁড়ে পড়ে। শিবরামনগরেও একই ঘটনা ঘটেছিল। এই প্রৌঢ়া লক্ষ্য না করে গাছে হাত দেওয়ায় এই বিপত্তি ঘটেছে।

হলদিয়া পৌরসভা বোর্ড গঠনের বিজ্ঞপ্তি

নিজস্ব সংবাদদাতা, হলদিয়া ঃ পূর্ব মেদিনীপুর জেলার হলদিয়া পৌরসভার নতুন বোর্ড গঠন হবে ৬ সেপ্টেম্বর। হলদিয়ার মহকুমাশাসক পূর্ণেন্দু নস্কর এই বিষয়ে বিজ্ঞপ্তি জারি করেছেন। মহকুমাশাসকের সেই চিঠি পৌঁছেছে পৌরসভার নবনির্বাচিত ২৯ জন তৃণমূল কাউন্সিলারের কাছে। তবে পূর্ব মেদিনীপুর জেলার অপর পৌরসভা পাঁশকুড়ার বোর্ডগঠন কবে হবে জানা যায়নি।

দিঘায় বেড়াতে এসে স্নান করতে নেমে মৃত্যু পর্যটকের

জস্ব সংবাদদাতা, দিঘা ঃ পূর্ব মদিনীপুর জেলার সৈকত শহর ঘায় বেড়াতে এসে মৃত্যু হল এক বকের। ঘটনাটি ঘটেছে ঙ্গলবার। জানা গেছে, কয়েক জন ন্ধুর সাথে সোমবার দিঘায় বড়াতে এসেছিল হাওড়ার কিরাইলের বাসিন্দা টুতাল জঠ(২৯)। এদিন সকালে হোটেল থেকে সমুদ্রে স্নান করতে যাওয়ায় আগে বুকে ব্যাথা অনুভব করে এই যুবক। হোটেল কর্মীদের সহায়তায় এই যুবককে দিঘা স্টেট জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানেই এই যুবকের মৃত্যু হয়। দিঘা থানার পুলিশ মৃতদেহ উদ্ধার করে কাঁথি মহকুমা হাসপাতালে ময়না তদন্তের জন্য পাঠিয়েছে।

পরপর দুই কন্যা সন্তান, গৃহবধূকে পুড়িয়ে মারার চেষ্টা শ্বশুরবাড়ির

নিজস্ব সংবাদদাতা, ভগবানপুর ঃ পরপর দুটি কন্যা সন্তানের জন্ম দেওয়ায় এক গৃহবধূর গায়ে কেরোসিন তেল ঢেলে তাঁকে পুড়িয়ে মারার চেষ্টা করল শ্বশুরবাড়ির লোকেরা। আশঙ্কাজনক অবস্থায় পিয়ালী মাইতি নামের এই গৃহবধূকে কলকাতায় চিকিৎসার জন্য ভর্তি করা হয়েছে। ঘটনার পর থেকেই পিয়ালীদেবীর স্বামী সৌরভ মাইতি ও শ্বশুর সুধীর মাইতি পলাতক। ঘটনায় জড়িত থাকার অভিযোগে শাশুড়ি সন্ধ্যা মাইতিকে গ্রেফতার করেছে ভগবানপুর থানার পুলিশ। কলকাতায় আশঙ্কাজনক অবস্থায় চিকিৎসাধীন গৃহবধূ পিয়ালী মাইতির মা তিথি মান্না জানিয়েছেন, ১৩ বছর আগে তাঁর মেয়ের সাথে বাড়ভগবানপুরের বাসিন্দা সৌরভ মাইতির সাথে বিয়ে হয়। তিথিদেবী আরও অভিযোগ করেছেন, বিয়ের পর থেকেই অতিরিক্ত পণের দাবিতে তাঁর মেয়ের উপরে অত্যাচার চালাতো শ্বশুরবাড়ির লোকেরা। এর উপর পিয়ালী পরপর দুটি কন্যা সন্তান জন্ম দেওয়ায় অত্যাচারের মাত্রা বাড়ে। তিথিদেবী আরও অভিযোগ করেছেন, তাঁর মেয়ের সাথে নানাভাবে অশালীন আচরণ করত শ্বশুর সুধীর মাইতি। গত ২১ তারিখ একই ঘটনা ঘটালে পিয়ালী প্রতিবাদ করে। এরপরেই সকলে মিলে পিয়ালীর গায়ে কেরোসিন তেল ঢেলে আগুন ধরিয়ে দেয়। স্থানীয়রা দৌড়ে এসে এই গৃহবধূকে উদ্ধার করে স্থানীয় হাসপাতালে নিয়ে যায়। এলাকাবাসীর থেকে খবর পেয়ে হাসপাতালে ছুটে যায় এই গৃহবধূর বাপের বাড়ির লোকেরা।

ধৃত সন্ধ্যা মাইতিকে মঙ্গলবার কাঁথি মহকুমা আদালতে হাজির করা হয়। বিচারক জামিনের আবেদন খারিজ করে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন।



এগরা-১ ব্লকের কসবা গ্রামের বেহাল রাস্তা সংস্কার না হওয়ার প্রতিবাদে রাস্তায় ধান গাছের চারা লাগিয়ে বিক্ষোভ দেখালেন এলাকার অধিবাসীরা।

এগরায় বেকারদের সরকারি চাকরি পরীক্ষায় বসার প্রশিক্ষণ শিবির

নিজস্ব সংবাদদাতা, এগরা ঃ শিক্ষা থাকলেও প্রশিক্ষণের অভাবে বেশিরভাগ শিক্ষিত বেকার যুবকদের সরকারি চাকরি পরীক্ষায় অসফলতার সংখ্যা বাড়ছে। ফলে শিক্ষিত বেকারেরা হতাশ হয়ে পড়ছে। সেই হতাশা কাটাতে পশ্চিমবঙ্গ সিভিল সার্ভিস পরীক্ষায় বসার জন্য কিভাবে প্রস্তুতি নিতে হয় তার জন্য একদিনের প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হল। পূর্ব মেদিনীপুর জেলার এগরা সারদা শশীভূষণ কলেজে অনুষ্ঠিত শিবিরে প্রচুর ছেলে-মেয়ে এইদিন হাজির ছিল। তাদের সামনে নিজেদের প্রস্তুতির কথা, সফলতার অভিজ্ঞতা এবং কিভাবে এই ছেলে-মেয়েরা সরকারি চাকরির পরীক্ষায় বসার জন্য প্রস্তুতি নেবে তা তুলে ধরেন এগরার মহকুমাশাসক রজতকান্তি বিশ্বাস, অতিরিক্ত মহকুমাশাসক সুমন বিশ্বাস, কিংশুক চন্দ, পটাশপুর-২ ব্লকের বিডিও শুভজিৎ কুণ্ডু প্রমুখ।

লক্ষ্মৌ সম্মেলনে প্রশংসিত বলাগেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ গ্রামীণ মানুষের আর্থিক মান উন্নয়নে সমবায় ব্যবস্থাকে কিভাবে তাঁদের কাছে আরও বেশি করে পৌছে দেওয়া যায় তাই নিয়ে ব্যাঙ্ক ইনস্টিটিউট অব রুরাল ডেভেলপমেন্টের দুদিনের সম্মেলনে প্রশংসিত পূর্ব মেদিনীপুর জেলার বলাগেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক। ন্যাশানাল ব্যাঙ্ক ফর এগ্রিকালচার অফ রুরাল ডেভেলপমেন্ট বা নাবার্ডের নিয়ন্ত্রনাধীন ব্যাঙ্ক ইনস্টিটিউট অফ রুরাল ডেভেলপমেন্টের উদ্যোগে লক্ষ্মৌতে দুদিনের সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। সেই সম্মেলনে বলাগেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের প্রতিনিধিত্ব করছেন ব্যাঙ্কের চেয়ারম্যান তথা এগরার বিধায়ক সমরেশ দাস। মঙ্গলবার সম্মেলনে নিজের ভাষণে গ্রামীণ মানুষের আর্থিক মান উন্নয়নে সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কগুলি কী পদক্ষেপ গ্রহণ করতে পারে তা নিয়ে বক্তব্য রাখেন সমরেশবাবু। গ্রামীণ অর্থনীতির বিকাশে বলাগেড়িয়া ব্যাঙ্কের সাফল্য ও বিভিন্ন পদক্ষেপের কথাও তুলে ধরেন তিনি। সম্মেলনের আয়োজক সংস্থা ও উপস্থিত অন্যান্য রাজ্যের বিভিন্ন ব্যাঙ্কের প্রতিনিধিরা বলাগেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের প্রচেষ্টার প্রশংসা করেন।

বিতর্কিত জমিতে শ্মশান ও পার্ক করার উদ্যোগ

নিজস্ব সংবাদদাতা, মহিষাদল ঃ পূর্ব মেদিনীপুর জেলার নন্দকুমার ও মহিষাদল ব্লকের সংযোগকারী এলাকায় একটি শ্মশানের জমিকে ঘিরে তৈরি হওয়া বিবাদের সমাধানে উদ্যোগী হল পূর্ব মেদিনীপুর জেলা প্রশাসন। বিতর্কিত জমির উপরে রাজ্যসরকারের স্বর্গদ্যান প্রকল্পে একটি শ্মশান ও পার্ক করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। পূর্ব মেদিনীরপুরের জেলাশাসক ডাঃ রশ্মি কমলের উপস্থিতি হলদিয়া ও তমলুকের মহকুমা শাসকের উপস্থিতিতে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রকল্পের জন্য খরচ হবে প্রায় ৮ লক্ষ টাকা। মঙ্গলবার প্রস্তাবিত প্রকল্প এলাকা ঘুরে দেখেন নন্দকুমার পঞ্চায়েত সমিতির সভাপতি সুকুমার বেরা ও মহিষাদল পঞ্চায়েত সমিতির সহ সভাপতি তিলক চক্রবর্তী।

চোলাই মদের বিরুদ্ধে অভিযান ঃ গ্রেফতার ৯

নিজস্ব সংবাদদাতা, দাসপুর ঃ চোলাই মদের বিরুদ্ধে পুলিশ অভিযান চালিয়ে গ্রেফতার করল নয়জনকে। ঘটনাটি ঘটেছে পশ্চিম মেদিনীপুর জেলার দাসপুর থানায়। দীর্ঘদিন ধরেই দাসপুর থানা এলাকার বিভিন্ন জায়গায় গজিয়ে উঠেছিল বেশ কিছু চোলাই মদের ঠেক। বেশ কয়েকবার দাসপুর থানার পুলিশ অভিযান চালিয়ে কয়েক হাজার লিটার চোলাই মদসহ চোলাই কারবারীকে গ্রেফতার করেছিল। কয়েকটি জায়গায় স্থানীয়রা ও গ্রামের মহিলাদের তৎপরতায় অনেক চোলাই ঠেক নষ্ট করা হয়েছিল। ফের চোলাই মদের ঠেকে হানা দিল দাসপুর থানার পুলিশ। পুলিশ সূত্রে খবর, সোমবার রাতে দাসপুর থানার অন্তর্গত রানাপুর ও নিমতলাতে ওসি প্রদীপ রথের উদ্যোগে এদিন অভিযান চালানো হয়। প্রচুর চোলাই ঠেক শিল করাসহ কয়েকশো লিটার চোলাই মদ বাজেয়াপ্ত করা হয়। চোলাই ঠেক চালানোর অপরাধে ঘটনাস্থল থেকে অভিযুক্ত নয়জনকে গ্রেফতার করা হয়। গোপন সূত্রে খবর পেয়ে বিশাল পুলিশ বাহিনী গিয়ে চোলাই ঠেকে অভিযান চালান দাসপুর থানার ওসি প্রদীপ রথ। পুলিশের এই অভিযানে খুশি এলাকাবাসী।

বিন্দাস ক্লাবের রক্তদান শিবির

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ মঙ্গলবার কাঁথি-২ দেশপ্রাণ ব্লকের পুরব গোবিন্দপুর বিন্দাস ক্লাব নামক এক স্বেচ্ছাসেবী সংস্থার আয়োজনে রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। এদিন রক্তদান শিবিরের উদ্বোধন করেন উত্তর কাঁথির বিধায়ক বনশ্রী মাইতি। উপস্থিত ছিলেন জেলার বিশিষ্ট সমাজসেবী উত্তম বারিক, সমাজসেবী সেখ বসির আলিসহ অন্যান্যরা। কাঁথি ব্লাড ব্যাঙ্ক থেকে আগত চিকিৎসকেরা এই রক্ত সংগ্রহ করেন। এদিনের রক্তদান শিবিরে ৪৫জন রক্তদাতা রক্তদান করেন। আবার, কাঁথি-২ দেশপ্রাণ ব্লকের রাধেজি সংঘের পরিচালনায় রাধাকৃষ্ণ পুজো সাড়ম্বরে পালিত হল। এদিন ফিতে কেটে রাধাকৃষ্ণ পুজোর উদ্বোধন করেন বিশিষ্ট সমাজসেবী উত্তম বারিক। উপস্থিত ছিলেন কাঁথি-২ পঞ্চায়েত সমিতির সদস্য আব্দুল রহমান মনি, সমাজসেবী রাহুল প্রধান, আব্দুল খালেক, অরবিন্দ মাইতিসহ অন্যান্যরা। ক্লাবের সভাপতি দিলিপ জানা বলেন, চার বছরে পদার্পণ করল এই রাধাকৃষ্ণ পুজো। পুজোর পাশাপাশি রয়েছে মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যা। এদিন রাধাকৃষ্ণ পুজো দেখতে প্রচুর দর্শনার্থীর সমাগম লক্ষ্য করা যায়। যা ছিল চোখে পড়ার মতো।

সমবায় সমিতিতে জয়ী তৃণমূল

নিজস্ব সংবাদদাতা, নন্দকুমার ঃ নন্দকুমার গোপাল সমবায় সমিতি নির্বাচনে জয়ী তৃণমূল। পূর্ব মেদিনীপুর জেলার নন্দকুমার পঞ্চায়েত সমিতির বরগোদারগোদা পঞ্চায়েত এলাকার গোপাল সমবায় সমিতির নির্বাচনে শাসকদল তৃণমূল ৩০টি আসনে জিতে পুনরায় দখলে রাখলো। প্রসঙ্গত, গত নির্বাচনে তৃণমূল বিনা প্রতিদ্বন্দ্বিতায় জিতেছিল কিন্তু এবার ভোট হওয়ায় প্রগতিশীল পার্টির ব্যানারে সিপিএম ও বিজেপি লড়াই করে। ভোটের ফলাফল বের হতেই ১৬টি আসন নিয়ে সিপিএম ও বিজেপির মধ্যে দড়ি টানাটানির মতো দুই পক্ষই দাবি করে তৃণমূল বাদে বাকি ১৬ আসনেই নাকি সিপিএম-এর। বিজেপির দাবি আমাদের ১৬টি আসন। মোট আসন সংখ্যা ছিল ৪৬টি।

চেম্বার অব কমার্সের সভা

নিজস্ব সংবাদদাতা, গড়বেতা ঃ গড়বেতা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির ২৩তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হল মঙ্গলবার আমলাগোড়া শ্যাম ভবনে। সভায় জিএসটি নিয়ে বিস্তারিত আলোচনা করেন বণিক সংগঠনের প্রতিনিধিরা। এই নিয়ে বক্তব্য রাখেন চার্টার্ড অ্যাকাউটেন্ট সায়ক দত্ত, সংগঠনের জেলার সাধারণ সম্পাদক চন্দন বসু প্রমুখ। সভায় প্রতিবেদন পেশ করেন তাপস চন্দ্র। সভাপতিত্ব করেন সুব্রত মহাপাত্র। প্রধান অতিথির ভাষণে গড়বেতার বিধায়ক আশিস চক্রবর্তী বলেন, গড়বেতার সামগ্রিক উন্নয়নে ব্যবসায়ীদেরও এগিয়ে আসতে হবে। এই ব্যবসায়ী সংগঠনগুলির সহযোগিতা নিয়ে দাসপুরে বন্যার্তদের জন্য ত্রাণ দেওয়া হবে গড়বেতার বিধায়কের উদ্যোগে। এদিন সভায় উপস্থিত ছিলেন সমাজসেবী শ্যামল বাজপেয়ী, বিকাশ নাগ প্রমুখ।

ময়নায় প্রাণীপালন প্রশিক্ষণ শিবির

নিজস্ব সংবাদদাতা, ময়না ঃ ময়না ব্লক কৃষিপ্রযুক্তি পরিচালন সংস্থার উদ্যোগে ময়না ব্লকের রামচক অঞ্চল অফিসের অডিটোরিয়াম হলে অনুষ্ঠিত হল একদিনের প্রাণীপালন প্রশিক্ষণ শিবির। প্রায় ১০০ জন প্রাণীপালক উপস্থিত ছিলেন ময়না ব্লকের ভারপ্রাপ্ত প্রাণী আধিকারিক ডাঃ স্বর্ণকমল রায়, ময়না পঞ্চায়েত সমিতির খাদ্য কর্মাধ্যক্ষ শশাঙ্ক দাস, রামচক অঞ্চলের প্রধান পারুল দাসসহ বিশিষ্টরা। এদিনের এই প্রশিক্ষণ শিবিরে গরু, ছাগল, হাঁস, মুরগী প্রভৃতি পশু পালন করলে কি কি অনুবিধান এবং কি কি সুবিধা হয় তা আলোচনা করা হয়। বৈজ্ঞানিক পদ্ধতিতে পশু পালন করলে কম খরচে কিভাবে বেশি উপার্জন করা যাবে তাও আলোচনা করা হয়।

ইদুজ্জোহা নিয়ে প্রশাসনিক বৈঠক

নিজস্ব সংবাদদাতা, চন্দ্রকোণা টাউন ঃ কুরবানি ঈদ্ নিয়ে মিটিং করলেন ঘাটালের এসডিপিও। আগামী ২রা সেপ্টেম্বর কুরবানি ঈদ্। ঈদ্ উপলক্ষ্যে একটি মিটিং-এর আয়োজন করে চন্দ্রকোণা থানা। শান্তি ও সুশৃঙ্খলভাবে ঈদ্ পালনের লক্ষ্যে চন্দ্রকোণা থানা এলাকার সকল মসজিদের ইমাম, ঈদ্ কমিটির সভাপতি ও এলাকার দেশ কমিটির সভাপতিসহ দু'শ জন মিটিং-এ উপস্থিত ছিলেন। প্রশাসনের তরফে উপস্থিত ছিলেন ঘাটালের নব নিযুক্ত এসডিপিও বিবেক ভার্মা, চন্দ্রকোণার সিআই বিভাস মন্ডল, চন্দ্রকোণা থানার ওসি সুদীপ ঘোষালসহ চন্দ্রকোণা থানার অন্তর্গত ক্ষীরপাই ও রামজীবনপুর ফাঁড়ির আইসি। মিটিং থেকে এসডিপিও বিবেক ভার্মা ঈদের উদ্যোক্তাদের স্পষ্ট বার্তা দেন, সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে ঈদ্ পালন করতে হবে। প্রতিবছর যে জায়গাগুলিতে কুরবানি ঈদ্ পালন হয় সেই স্থানেই এবছরও করতে হবে। জায়গার পরিবর্তন করা যাবে না এবং ঈদ্ উপলক্ষ্যে যাতে কোনও বিশৃঙ্খলা না হয় সেদিকটিও সুনিশ্চিত করতে হবে ঈদ্ কমিটিগুলিকে।

হলদিয়া পৌরসভায় শুরু বিদ্যালয় ফুটবল

নিজস্ব সংবাদদাতা, হলদিয়া ঃ পূর্ব মেদিনীপুর জেলার শিল্পশহর হলদিয়া পৌরসভা এলাকার ১৫টি বিদ্যালয় নিয়ে ফুটবল প্রতিযোগিতার শুরু হল। প্রতিযোগিতার উদ্বোধন করেন হলধিয়ার মহকুমাশসাক পুর্ণেন্দু শেখর নস্কর। উপস্থিত ছিলেন বিদায়ী পৌরপ্রধান দেবপ্রসাদ মন্ডলসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। প্রতিযোগিতাটি আগামী ২০ তারিখ পর্যন্ত চলবে।

মেদিনীপুরে জাতীয় ক্রীড়াদিবস উদ্‌যাপন

নিজস্ব সংবাদদাতা, মেদিনীপুর ঃ মঙ্গলবার বিবেকানন্দ মিশন আশ্রম পরিচালিত বিবেকনন্দ মিশন আশ্রম শিক্ষায়তন-এর ব্যবস্থাপনায় মিশন আশ্রম ক্রীড়া প্রাঙ্গণে জাতীয় ক্রীড়া দিবস উদ্‌যাপিত হয়। এই উপলক্ষ্যে চারটি দল প্রীতি ফুটবল ম্যাচে অংশ নেয়।

উদ্বোধনী অনুষ্ঠানে মঞ্চে উপস্থিত ছিলেন মিশন আশ্রমের সম্মানীয় সন্ন্যাসী শ্রীমৎ স্বামী বিবেকাত্মানন্দজী মহারাজ এবং বিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রধান শিক্ষক দেবাশিষ খাটুয়া। স্বামী বিবেকাত্মানন্দজী মহারাজ বলেন, –'আগামীদিনে ফুটবল খেলাকে আরও জনপ্রিয়তা দানের জন্য বাংলার প্রতিষ্ঠিত খেলোয়াড়দের নিয়ে বিশেষ প্রদর্শণী ম্যাচ মিশন আশ্রমের মাঠে অনুষ্ঠিত হবে।'